


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো- ২য় পর্যায়  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.১৭৮.২২. ১৯ ২০

তারিখ: ১০/১০/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য ইতোমধ্যে অর্থ ছাড় করা হয়েছে। নতুন সমিতি গঠন সাপেক্ষে দ্রুত প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রশিক্ষণ কোর্স আয়োজনের পূর্বে আবশ্যিকভাবে প্রতি ব্যাচে ৩০ জন করে সুফলভোগী সদস্যদের নামের তালিকা চূড়ান্তকরণসহ ১০ জনের অপেক্ষমান তালিকা প্রস্তুত করতে হবে। সে আলোকে প্রশিক্ষণার্থীদের তথ্যসমূহ প্রশিক্ষণ সংক্রান্ত সফটওয়্যার এ এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য, প্রশিক্ষণ সংক্রান্ত সফটওয়্যার হতে প্রশিক্ষণার্থীদের হাজিরা এবং সম্মানী ভাতা ও যাতায়াত ভাতার মাস্টাররোল প্রিন্ট করে ব্যবহার করা যাবে। প্রশিক্ষণার্থীদের সম্মানী ভাতা ও যাতায়াত ভাতার অর্থ সদস্যদের ব্যাংক হিসাবে এডভাইস প্রদানের মাধ্যমে প্রদান করতে হবে। কোন অবস্থাতেই সম্মানী ভাতা ও যাতায়াত ভাতার অর্থ নগদে প্রদান করা যাবে না। তাছাড়া প্রশিক্ষণ কোর্স শুরুর নূনতম ৫ দিন পূর্বে প্রকল্প সদর দপ্তরে প্রশিক্ষণ সিডিউল প্রেরণ নিশ্চিতকরণপূর্বক প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
বিআরডিবি, উপজেলা.....(প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ..... (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: .....(প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৫. অফিস নথি।